

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
চিকিৎসা শিক্ষা অধিশাখা
www.mefwd.gov.bd

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৩৪


তারিখঃ ২১ মে ২০২৩


বিষয়: চাপাইনবাবগঞ্জ জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন।

সূত্র: এ বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং ৫৯.০০.০০০০.১০৪.৯৯.০০৯.২২-৩৭২, তারিখ: ২২-০৩-২০২৩ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে ১৪ মে ২০২৩ তারিখে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক চাপাইনবাবগঞ্জ জেলার স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে চাপাইনবাবগঞ্জ জেলার পরিবার পরিকল্পনা কার্যালয়ের উপপরিচালক ও সংশ্লিষ্ট অফিসের অন্যান্য কর্মচারীগণ উপস্থিত ছিলেন। প্রতিষ্ঠানের অবকাঠামো, জনবল এবং মা ও শিশুদের স্বাস্থ্যসেবা প্রদানের সুবিধাদিসহ অন্যান্য প্রাসঙ্গিক বিষয়াদি সরেজমিন পরিদর্শন করা হয়। পরিদর্শনে প্রাপ্ত তথ্যাদি নিম্নরূপ:

- ০১। পরিদর্শনকৃত প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা : হেলাচী কমিউনিটি ক্লিনিক, শিবগঞ্জ, চাপাইনবাবগঞ্জ
- ০২। পরিদর্শনের তারিখ ও সময় : ১৪ মে ২০২৩ তারিখ, বেলা ১.০০ টা
- ০৩। প্রতিষ্ঠানে কর্মরত জনবলের সার্বিক অবস্থা : অনুমোদিত ২টি পদে ২ জন কর্মরত আছেন।
- ০৪। পরিদর্শনের দিন কর্মচারীদের উপস্থিতি/অনুপস্থিতি : পরিদর্শনকালে সকল কর্মকর্তা ও কর্মচারী উপস্থিত ছিলেন।
- ০৫। পরিদর্শনকালে Stockholder মতামত/পরামর্শের সংক্ষিপ্ত বিবরণ : নেই
- ০৬। আর্থিক অনিয়ম পরিলক্ষিত হলে তার বিবরণ : প্রযোজ্য নয়।
- ০৭। প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশ ও পরিচ্ছন্নতা : প্রতিষ্ঠানটিতে সেবা প্রদানের মতো পরিবেশ বিদ্যমান নেই এবং রোগীদের ব্যবহৃত বাথরুমসহ অফিসের পরিচ্ছন্নতার মান অত্যন্ত অসন্তোষজনক।
- ০৮। প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামোর বাস্তব অবস্থা : ০২ কক্ষের একটি একতলা ভবন অত্যন্ত জরাজীর্ণ।






- ৯। প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রের বাস্তব অবস্থা : প্রতিষ্ঠানে ব্যবহৃত আসবাবপত্রসমূহ স্বাস্থ্য সেবা প্রদানে পুরোপুরি উপযোগী নয়। কর্মকর্তা কর্মচারীদের দাপ্তরিক কাজের জন্য চেয়ার টেবিল এবং অপেক্ষমান রোগীদের বসার জন্য পর্যাপ্ত ব্যবস্থা করা প্রয়োজন।
- ১০। কোন সমস্যা/চাহিদা : এ প্রতিষ্ঠানে দৈনিক ৫০/৬০ জন রোগীর সেবা প্রদানের জন্য মাত্র ২ জন কর্মচারীর পক্ষে সম্ভব হয়না। তন্মধ্যে FWA রোস্টার ডিউটি অনুযায়ী সপ্তাহে ০২ দিন এ প্রতিষ্ঠানে আসেন। মাত্র ১ জন সিএইচসিপি বাকীদিন একাই রোগীর তথ্য লিপিবদ্ধ করেন ও স্বাস্থ্যসেবা প্রদান করেন।
- ১১। সার্বিক অবস্থার উপর সুনির্দিষ্ট মন্তব্য/সুপারিশ :
 (ক) প্রতিষ্ঠানটি জরুরি ভিত্তিতে সংস্কার ও মেরামত করা প্রয়োজন;
 (খ) আগত রোগীদের স্বাস্থ্যসেবা প্রদানের জন্য FWA ও নিরাপত্তরক্ষীর পদ সৃষ্টি করা প্রয়োজন।

সচিব
 স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

স্মারক নং-৫৯.০০.০০.১৩৮.৯৯.০০১.২২.৩৪


 (মল্লিকা খাতুন)
 যুগ্মসচিব
 ফোন: ৫৫১০০৮৬৪
me@mefwd.gov.bd

তারিখঃ ২১ মে ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা
 ০২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 ০৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 ০৪। উপপরিচালক, পরিবার পরিকল্পনা কার্যালয়, চাপাইনবাবগঞ্জ
 ০৫। উপসচিব (পারসোনেল-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
 ০৬। প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
 ০৭। অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।